



কোস্ট গার্ড সদর দপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন: ০১৭৬৯-৪৪০৯০২
ফ্যাক্স: ০২-৮১৮১২৭৬
ই-মেইল: it@coastguard.gov.bd

৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২১. ৩১৬

৩১ আগস্ট ২০২০

গত ০৪ আগস্ট ২০২০ সকাল ১০০০ ঘটিকায় সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশান সংক্রান্ত কমিটির ১ম সভার কার্য বিবরণী

সূত্রঃ

ক। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২০.৪৮৬ তারিখ ১৩ ডিসেম্বর ২০২০।

১। সূত্র মোতাবেক গত ০৪ আগস্ট ২০২০ সকাল ১০০০ ঘটিকায় বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশান টিমের ১ম সভা ক্যাপ্টেন সাক্বির আহমেদ খান, (জি), পিসিজিএমএস, পিএসসি, বিএন, পরিচালক (আইটি ও যোগাযোগ) এর সভাপতিত্বে সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেনঃ

ক্যাপ্টেন সাক্বির আহমেদ খান	পরিচালক, আইটি ও যোগাযোগ (ইনোভেশান অফিসার)
কমান্ডার এ টি এম আতিকুল্যাহ	উপ-পরিচালক, প্রকৌশল (সদস্য)
কমান্ডার খাজা মাসুম	উপ-পরিচালক, অপারেশান্স (সদস্য)
কমান্ডার আবদুল্লাহ আল মামুন	উপ-পরিচালক, গোয়েন্দা (সদস্য)
কমান্ডার এম লোকমান হাকিম	উপ-পরিচালক, পরিকল্পনা (সদস্য)
কমান্ডার এ কে এম মিজানুর রহমান	উপ-পরিচালক, আইটি ও যোগাযোগ (সদস্য সচিব)


স্বাগত ভাষণ

২। সভার শুরুতেই সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান এবং সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে বাংলাদেশ কোস্ট গার্ড সদস্যদের মধ্যে উদ্ভাবন চর্চার ভূমিকা, উদ্দেশ্য, ব্যবহার ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বিষয়ে সকলকে অবহিত করেন। এছাড়া উদ্ভাবন চর্চার জন্য গঠিত ইনোভেশান টিমের কার্যপরিধি ও কার্যক্রমের বিষয়ে আলোকপাত করেন। পরবর্তীতে সভাপতি সভার আলোচ্যসূচির বিষয়ে আলোকপাত করার জন্য কমিটির সদস্য সচিবকে আহ্বান জানান। এতদসংক্রান্ত আলোচ্য বিষয়াদি নিম্নরূপঃ

আইটেম-১।	VDI (Virtual Desktop Infrastructure) (সীমিত)।	কার্যক্রম
৩।	কোস্ট গার্ড পূর্ব জোনের ইনোভেশান টিম কর্তৃক উপস্থাপন করা হয় যে, পূর্ব জোনের সকল দাপ্তরিক কাজের জন্য ৫০-১০০ টি কম্পিউটার একই সার্ভার এ সংযুক্ত করার জন্য VDI (Virtual Desktop Infrastructure) স্থাপন করা যেতে পারে। এ প্রেক্ষিতে উপ পরিচালক (আইটি ও যোগাযোগ) অবহিত করেন যে, এপিপি ২০২০-২০২১ অনুযায়ী আইটি ও যোগাযোগ কর্তৃক ২০ জন বিশিষ্ট ০১ টি ICT Lab সুবিধাজনক জোনে স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।	পরিচালক (আইটি ও যোগাযোগ)
৪।	<u>সিদ্ধান্ত</u> । সভাপতি সার্বিক অবস্থা বিবেচনায় বর্তমানে চলমান ICT Lab তৈরীর পরে উক্ত VDI (Virtual Desktop Infrastructure) স্থাপনের উদ্যোগ গ্রহণ করার নির্দেশ প্রদান করেন।	

<p>আইটেম -২। Sleep Detection Alarm System for Bridge (সীমিত)।</p> <p>৫। কোস্ট গার্ড পূর্ব জোনের ইনোভেশান টিম কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, জাহাজ সমুদ্রে প্রহরারত অবস্থায় রাত্রিকালীন সময় ব্রিজে কর্মরত কর্মকর্তা ও নাবিকদের ঘুম হতে সাবধানতার এলার্মের জন্য ব্রিজে Sleep Detection Alarm System স্থাপন করা যেতে পারে। উপ-পরিচালক গোয়েন্দা জানান যে, বানৌজা স্বাধীনতা ও প্রত্যয় এ ব্রিজে কর্মরত কর্মকর্তা ও নাবিকগণ যাতে ওয়াচকালীন সময়ে ঘুমাতে না পারে সেজন্য এক ধরনের অ্যালার্ম সিস্টেম রয়েছে।</p> <p>৬। সিদ্ধান্ত। সভাপতি উক্ত সিস্টেম কোস্ট গার্ডের ছোট জাহাজের জন্য প্রযোজ্য হবে না বিধায় বড় জাহাজে স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের নির্দেশ প্রদান করেন।</p>	পরিচালক (অপারেশান)
<p>আইটেম -৩। ইনভেন্টরি ম্যানেজমেন্ট এ্যাপ্লিক্যাশন (সীমিত)।</p> <p>৭। কোস্ট গার্ড দক্ষিণ জোনের ইনোভেশান টিম কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, দক্ষিণ জোনের প্রকৌশল, বৈদ্যুতিক ও বেতার বৈদ্যুতিক ইকুইপমেন্টসমূহের স্টোর ম্যানেজমেন্টের ক্ষেত্রে খুচরা যন্ত্রাংশের সুনির্দিষ্ট কোন তথ্য-উপাত্ত না পাওয়ায় মেরামতসহ সকল ধরনের রক্ষণাবেক্ষনে প্রশাসনিক জটিলতার সৃষ্টি হচ্ছে। স্থানীয়ভাবে খুচরা যন্ত্রাংশসমূহের তথ্য-উপাত্তসমূহ সংরক্ষণের নিমিত্তে ইনভেন্টরি ম্যানেজমেন্টের লক্ষ্যে উক্ত জোনের জন্য একটি ইনভেন্টরি ম্যানেজমেন্ট এ্যাপ্লিক্যাশন তৈরী করা যেতে পারে।</p> <p>৮। সিদ্ধান্ত। সভাপতি দক্ষিণ জোনের সাথে সমন্বয় করে খুচরা যন্ত্রাংশ স্থানীয়ভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে একটি ইনভেন্টরি ম্যানেজমেন্ট এ্যাপ্লিক্যাশন তৈরীর নির্দেশ প্রদান করেন।</p>	পরিচালক (আইটি ও যোগাযোগ) জোনাল কমান্ডার দক্ষিণ জোন

২৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করেন এবং ধন্যবাদ জ্ঞাপনকরতঃ ১২০০ ঘটিকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।


এ কে এম মিজানুর রহমান
কমান্ডার বিএন
পক্ষে ইনোভেশান কর্মকর্তা

বিতরণঃ
বহিস্থঃ
কার্যঃ

কমান্ড্যান্ট, সিজি বেইস অগ্রযাত্রা
জোনাল কমান্ডার পূর্ব জোন
জোনাল কমান্ডার পশ্চিম জোন
জোনাল কমান্ডার দক্ষিণ জোন
জোনাল কমান্ডার ঢাকা জোন

- ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে

অনুস্থঃ
কার্যঃ

সকল পরিদপ্তর/বিভাগ
সংশ্লিষ্ট সকলকে

অবগতিঃ
মহাপরিচালকের সচিবালয় - সদয় অবগতির জন্য।